

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৫
১১ মার্চ ২০১৯

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪(মতামত-৩).১৮-১৫৫

বিষয়ঃ রিট পিটিশন নং-১৬৪২/২০০৯ মামলার ২৪.০২.২০১৬ খ্রি. তারিখের রায় এবং সুপ্রীম কোর্টের আপিলেট ডিভিশনের সিভিল পিটিশন ফর লিড টু আপিল নং-১৫৩৪/২০১৬ মামলায় ১৬.১১.২০১৭ খ্রি. তারিখের রায় অনুযায়ী নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন সাপাহার সরফতুল্লাহ ফায়িল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান এর স্থগিতকৃত বেতন ভাতাদি (এমপিও) বকেয়াসহ চালুকরণ।

সূত্রঃ (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০০২.১৭.০৩২.১৯-৭৩,
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪(মতামত-৩).১৮,

তারিখঃ ১০.০২.১৯ খ্রি.।

তারিখঃ ০৩.০১.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং-১৬৪২/২০০৯ মামলার ২৪.০২.২০১৬ খ্রি. তারিখের রায় এবং সুপ্রীম কোর্টের আপিলেট ডিভিশনের সিভিল পিটিশন ফর লিড টু আপিল নং-১৫৩৪/২০১৬ মামলায় ১৬.১১.২০১৭ খ্রি. তারিখের রায় অনুযায়ী নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন সাপাহার সরফতুল্লাহ ফায়িল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমান এর স্থগিতকৃত বেতন ভাতাদি (এমপিও) বকেয়াসহ চালুকরণের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন সাপাহার সরফতুল্লাহ ফায়িল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমানকে এপ্রিল/২০১৮ থেকে বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানসহ চাকুরিতে পুনর্বহাল করে এমপিও চালুকরণ; এবং

(খ) যেহেতু প্রতিষ্ঠানের গভর্নিং বডি কর্তৃক অধ্যক্ষ, জনাব মো: আজিজুর রহমানকে বরখাস্ত করা হয়েছে সেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) নির্দেশনা (মামলাকালীন প্রযোজ্য বিধান) অনুযায়ী বরখাস্তকরণের তারিখ ০১/০৫/২০১০ হতে মার্চ/২০১৮ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ প্রদানের সুযোগ নেই বিধায় উক্ত সময়ের বেতন সুবিধাদি মাদ্রাসার নিজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান।

০২। এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টের (মহামান্য হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ) নির্দেশনা অনুযায়ী নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন সাপাহার সরফতুল্লাহ ফায়িল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আজিজুর রহমানকে চাকুরিতে পুনর্বহাল করে এপ্রিল/২০১৮ থেকে থেকে বকেয়া বেতন ভাতাদি (এমপিও) প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অনুচ্ছেদ (খ) মতে ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২৫.০৩.২০১৯ খ্রি. এর মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জনাব মো: আজিজুর রহমান, অধ্যক্ষ, সাপাহার সরফতুল্লাহ ফায়িল মাদ্রাসা, উপজেলা-সাপাহার, জেলা-নওগাঁ।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।